swan
somewhere to feel at home

SUPPORTED BY
MAYOR OF LONDON

TOWER HAMLETS

# ব্ল্যাকওয়াল রিচ

**নিউজলেটার**
সংখ্যা 49: মে 2023

www.swan.org.uk




## রিচ কমিউনিটি ম্যুরালকে নতুন রূপ দেওয়া হয়েছে

স্থানীয় সম্প্রদায় এবং Swan কর্মীদের ম্যুরাল দিয়ে রিচ কমিউনিটি হাবকে সজ্জিত করা হয়েছে।

'আওয়ার টাইনি উইন্ডোজ' থেকে অ্যাশ ফিল্ডস-এর শিল্পকর্মটি ব্ল্যাকওয়াল রিচের জনপ্রিয় সুবিধার একটি বিস্তৃত সংস্কারের অংশ।

গত বছরের শেষের দিকে ম্যুরালটির কাজ শেষ হয়েছিল।

দশ বছর বয়সী মাহফুজ, যাকে শিল্পকর্মটিতে স্থান দেওয়া হয়েছে, সে বলেছে: ***"আমি মনে করি দ্য রিচ হাবে থাকা আমার ফটো থাকার বিষয়টি দুর্দান্ত কারণ এটা সত্যিই রঙিন আর খুবই সুন্দর দেখায়। তাছাড়াও আমি মনে করি এটা সত্যিই ভালো কারণ আমার ছবিটা এমন জায়গায় আছে যেখানে আমার সব বন্ধুরা তা দেখতে পাবে। আমরা আমাদের স্কুল থেকেও দেখতে পাবো।"***

ম্যুরালটিতে Swan-এর গ্রাহক সুরাইয়া আক্তারের ছবিও রয়েছে। তিনি সংযোজন করেছেন: ***"আমি মনে করি এটি অসাধারণ দেখাচ্ছে, এটা আশেপাশের এলাকায় একটি দুর্দান্ত সংযোজন। এখানে সবার মুখ দেখতে পেয়ে আমি খুবই গর্বিত বোধ করি। এই ম্যুরালের মাধ্যমে কমিউনিটিকে উদযাপন করার জন্য Swan-কে ধন্যবাদ।"***

দ্য রিচ এই বছরের শুরুর দিকে হাবের নতুন রূপ দেওয়ার কাজটি সম্পূর্ণ ক'রে গভীরভাবে পরিষ্কার করা এবং নতুন রঙ করার থেকেও উপকৃত হয়েছিল।







BWR Newsletter_May23_v.2_Bengali.indd 1
5/1/2023 5:23:09 PM

# হলিডে অ্যাক্টিভিটি ক্লাবগুলি দ্য রিচে ফিরে এসেছে

এই ইস্টারের হাফ-টার্মে বাচ্চারা খেলাধুলো এবং কার্যকলাপের পাশাপাশি একটি স্বাস্থ্যকর পুষ্টিকর খাবারের জন্যও দ্য রিচে ফিরে এসেছে।

প্রোগ্রামটি লন্ডন টাইগার্সের সাথে অংশীদারিত্বে পরিচালিত হয়েছিল এবং ব্ল্যাকওয়াল রিচ ট্রাস্ট দ্বারা অর্থায়ন করা হয়েছিল।

ছয় থেকে 16 বছর বয়সী বাচ্চাদের লক্ষ্য করে হলিডে ক্যাম্পটি চালানো হয়। 50 জনের বেশি বাচ্চাকে 160 টিরও বেশি গরম খাবার সরবরাহ করা হয়েছিল।






# ফুড প্যান্ট্রি এখনও বাসিন্দাদের জন্য সরবরাহ করে চলেছে

160 জনেরও বেশি মানুষ দ্য রিচ-এ ফুড প্যান্ট্রিতে অ্যাক্সেসের জন্য নিবন্ধিত হয়েছেন।

টাওয়ার হ্যামলেটস কাউন্সিল এবং ফ্যামিলি অ্যাকশনের সাথে অংশীদারিত্বে, স্বল্প আয়ের বাসিন্দাদের একটি ফুড প্যান্ট্রিতে অ্যাক্সেস দেওয়া হয়। £3.50 সাপ্তাহিক ফি প্রদান করে, এবং ঋণ, কল্যাণ এবং বেনিফিট সংক্রান্ত পরামর্শ সংস্থাগুলির মতো সহায়তা পরিষেবাগুলির সাথে কাজ করার মাধ্যমে, সদস্যদের কম খরচে পুনরায় বিতরণ করা খাবার কেনার সুযোগ দেওয়া হয়।

**সাইন আপ করতে বা আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আপনার নাম, ঠিকানা, পোস্টকোড এবং যোগাযোগের বিশদ বিবরণ সহ thefoodstore@towerhamlets.gov.uk এ ইমেল করুন।**





BWR Newsletter_May23_v.2_Bengali.indd 2 5/1/2023 5:23:10 PM

## কিং'স করোনেশন গ্র্যান্ট ফান্ড

মহামান্য রাজা চার্লস III এর রাজ্যাভিষেক (করোনেশন) উপলক্ষে, 10 জন সফল আবেদনকারীকে £500 পর্যন্ত অনুদান এবং একটি পার্টি বক্স প্রদান করা হয়েছিল।

অনুদানগুলি এবং পার্টি বক্সটি সফল গোষ্ঠী ও সংস্থাগুলিকে রাজ্যাভিষেকের সপ্তাহান্তে (5-8 মে) নিজের মতো করে উদযাপন করার সুযোগ দেবে।

ব্ল্যাকওয়াল রিচ থেকে, লন্ডন টাইগার্স এবং ওসমানি ট্রাস্ট উভয়ই ফান্ড পেতে সফল হয়েছিল।

## দ্য রিচে খাদ্য সংরক্ষণ ওয়ার্কশপ

আমরা আমাদের গ্রাহকদের খাবারের অপচয় কমাতে সাহায্য করার জন্য দ্য রিচ কমিউনিটি হাবে খাদ্য সংরক্ষণ ওয়ার্কশপ আয়োজন করব।

ওয়ার্কশপ চলাকালীন, অংশগ্রহণকারীরা শিখবেন যে তাদের তাজা উপাদানগুলিকে কীভাবে আরও বেশি সময় ভাল রাখা যায় এবং এগুলিকে জ্যাম, চাটনি এবং আচারে রূপান্তরিত করে তাদের খাদ্য ব্যবস্থাপনা উন্নত করা যায়।

তিনজন বিস্ময়কর প্রতিভাবান দক্ষিণ এশীয় নারীর অংশীদারিত্বে প্রোজেক্টটি বাস্তবায়িত করা হবে। চারটি সেশন প্রতি মাসে একবার করে, মে ও জুলাইয়ের মধ্যে, সকাল 11 টা থেকে দুপুর 1 টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

**আরও জানতে কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার, গৌরাঙ্গি প্যাটেলের সাথে gpatel@swan.org.uk এ যোগাযোগ করুন**





FOOD PRESERVATION

Workshop

Join us & learn how to turn your leftover ingredients into jams, chutneys and pickles.

Saturday 29 April
Saturday 20 May
Saturday 17 June
Saturday 15 July

11am to 1pm

The Reach Community Hub,
11 Oliphant St, E14 0GB

To book your place contact
Nasima on: 07454 111 833

swan
somewhere to feel at home

CLARION FUTURES



BWR Newsletter_May23_v.2_Bengali.indd 3 5/1/2023 5:23:11 PM

# ওয়েফেয়ার হাউসে প্রথম নতুন বাড়িগুলি তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে

ব্ল্যাকওয়াল রিচের পার্কসাইড ওয়েস্ট উন্নয়নের পর্যায় 2-এ প্রথম 69 টি নতুন বাড়ি তৈরির কাজ সম্পূর্ণ হয়েছে।

বাসিন্দারা পপলার হাই স্ট্রিটের সবচেয়ে কাছে অবস্থিত ব্লক, ওয়েফেয়ার হাউসের বাড়িগুলিতে চলে গেছেন, এবং নতুন বাড়িগুলির ডিজাইন ও গুণমান সম্পর্কে ইতিবাচক মতামত পাওয়া গেছে।

কটন স্ট্রিটের গসনল্ড হাউস হল পরবর্তী ব্লক যেটির কাজ এই বসন্তকালে সম্পূর্ণ হবে। বাকি দুটি ব্লক এই বছরের শেষের দিকে সম্পূর্ণ হবে।

যে বাসিন্দাদের নতুন ভাড়া বাড়িতে পুনর্বাসন করা হচ্ছে তাদেরকে অগ্রগতি সম্পর্কে আপডেট দেওয়ার জন্য আমরা এই বছরের শুরুর দিকে চিঠি লিখেছিলাম। আমরা তাদেরকে পরবর্তী উপলব্ধ ব্লক, গসনল্ড হাউসে স্থানান্তরিত হওয়ার সুযোগও দিয়েছিলাম। এই মাসের শুরুতে দেখার পরে, গসনল্ড হাউসের বিষয়ে আগ্রহ জোরালো হয়েছে। আমরা শীঘ্রই আরও তথ্যের সাথে এই বাসিন্দাদের সঙ্গে যোগাযোগ করব।

বাইরের অঞ্চলগুলি আকার নেওয়ার সাথে সাথে ল্যান্ডস্কেপিংয়ের কাজগুলি ভালভাবে এগিয়ে চলেছে, যা বিল্ডিংগুলির চারপাশে ভালভাবে ডিজাইন করা সবুজ স্থান প্রদান করছে এবং বাসিন্দাদের ও স্থানীয় মানুষদের উপভোগ করার জন্য নতুন ল্যান্ডস্কেপ করা মিলেনিয়াম গ্রিনকে একটি সর্বজনীন উদ্যান হিসাবে প্রদান করছে।



## ব্ল্যাকওয়াল রিচ নিউজলেটার ডিজিটাল হতে চলেছে

গ্রীষ্মকালে প্রকাশিত হতে চলা পরবর্তী সংস্করণের পর, এই নিউজলেটারটি শুধুমাত্র একটি ডিজিটাল ফরম্যাটেই পাওয়া যাবে। Swan-এর কার্বন ফুটপ্রিন্ট কমানোর জন্য যথাসাধ্য চেষ্টা করা এখন আগের চেয়েও অনেক বেশি জরুরি। আমরা যে পরিমাণ প্রিন্ট তৈরি করি তা কমানো একটি ছোট পরিবর্তন যা আমাদের কাজ করার উপায়গুলিকে আরও পরিবেশবান্ধব করে তোলার ক্ষেত্রে একটি বড় প্রভাব ফেলবে।

তবে, আমরা বুঝতে পারি যে আমাদের কিছু গ্রাহকের এখনও এই নিউজলেটারটির মুদ্রিত কাগজের কপি প্রয়োজন, তাই আমরা information@swan.org.uk-এ অনুরোধের ভিত্তিতে এগুলি আনন্দের সাথে প্রদান করব।

আপনি www.swan.org.uk/blackwallreach-এ এই নিউজলেটার এবং সাম্প্রতিক সংস্করণগুলির কপি দেখতে পারেন

## যোগাযোগ করুন

**সোয়ান হাউজিং অ্যাসোসিয়েশন (Swan Housing Association)**

Blackwall Reach Office,
9 Webber Path, Poplar,
London, E14 0FZ

## একটি মেরামত বা ত্রুটির বিষয়ে রিপোর্ট করুন

**Swan** 0330 222 0322 বা shacustomercare@swan.org.uk

**অফিসের কাজের সময়** 0800 783 2768

**Swan-এর অফিসের কাজের সময়ের বাইরে** - 01376 535190

**অফিসের কাজের সময়ের বাইরে NU living** CCSNH@swan.org.uk



BWR Newsletter_May23_v.2_Bengali.indd 4 5/1/2023 5:23:11 PM